

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 01-11-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) এস আই আর আবহে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দফতর, পুরনো ওয়েবসাইট বাতিল করে নতুন ওয়েবসাইট চালু করেছে।
- ২) রাজ্য ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী এস আই আর এর কাজের জন্য আজ বুথ লেভেল আধিকারিকদের বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে নির্বাচন কমিশন।
শাসক দল তৃণমূল কংগ্রেস, সরকারি কর্মীদের উপর চাপ সৃষ্টি করে এস আই আর প্রক্রিয়া আটকে দিতে চাইছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।
- ৩) আদালতের নজরদারিতে এসআইআর প্রক্রিয়া চালানোর আবেদন করে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে।
- ৪) রোজ ভ্যালি চিটফান্ডের আমানতকারীদের টাকা ফেরাতে আদালত গঠিত বিচারপতি দিলীপ শেঠ কমিটির বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগে ফরেনসিক অডিট করার দায়িত্ব সেবি(SEBI) নিতে না পারায় কলকাতা হাইকোর্ট, সি এ জি কে এই দায়িত্ব পালনে সক্ষম কিনা তা ভেবে দেখতে বলেছে।
- ৫) রাজ্য সরকার, ২০২৫-২৬ খরিফ মরসুমে সহায়ক মূল্যে রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কাছ থেকে ধান কেনার কাজ আজ শুরু করতে চলেছে।
- ৬) ইস্টবেঙ্গল, সুপার কাপ ফুটবলের সেমিফাইনালে।
বাংলা, সাব জুনিয়র জাতীয় ফুটবল প্রতিযোগিতার সেমিফাইনালে উঠছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর আবহে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দফতর, পুরনো ওয়েবসাইট বাতিল করে নতুন ওয়েবসাইট চালু করেছে। ceowestbengal.wb.gov.in - এই ওয়েবসাইট থেকেই ২০০২ সালের সম্পূর্ণ ভোটার তালিকা পাওয়া যাবে। পাশাপাশি মিলবে এসআইআর সংক্রান্ত যাবতীয় তথ্যও।

উল্লেখ্য, গত ২৭ এ অক্টোবর ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা এসআইআর এর ঘোষণা করা হয়। পরদিন এসআইআর প্রক্রিয়া চালু হওয়ার পর থেকেই রাজ্যের সিইও দফতরের ওয়েবসাইটে সমস্যা দেখা যায়। এই নিয়ে ব্যাপক ক্ষেত্রে সঞ্চার ও হয়। এই পরিস্থিতিতেই এই নতুন ওয়েবসাইট চালু করা হল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী এস আই আর এর কাজের জন্য আজ বুথ লেভেল আধিকারিকদের বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে নির্বাচন কমিশন। সকাল ১০ টা থেকে দক্ষিণ কলকাতার নজরুল মঞ্চে প্রশিক্ষণ শুরু হবে। DEO South এর চারটে বিধানসভার BLO-রা থাকবেন।

রাজ্যের সব বুথ লেভেল আধিকারিককে প্রশিক্ষণ কর্মসূচিতে যোগ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তরের শীর্ষকর্তারা এই প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিত থাকবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আদালতের নজরদারিতে এস আই আর প্রক্রিয়া চালানোর আবেদন করে, কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। আবেদনকারীর দাবি, এস আই আর-এর কি প্রয়োজন - বিস্তারিতভাবে তা আদালতের কাছে জানানো হোক।

নির্বাচন কমিশন এই তথ্য দেওয়ার পাশাপাশি ২০০২-এর ভোটার তালিকা যাতে সম্পূর্ণভাবে প্রকাশ করে, সেই আবেদনও জানানো হয়েছে। এস আই আর-এর সময়সীমা ৩১-শে জানুয়ারী পর্যন্ত বাড়ানো ছাড়াও আদালতের তত্ত্বাবধানে গোটা প্রক্রিয়া চালিয়ে যাওয়ার আবেদন করা হয়েছে।

ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ, মামলা দায়েরের অনুমতি দিয়েছেন। আগামী সপ্তাহে এর শুনানি হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শাসক দল ত্রৃণমূল কংগ্রেস, সরকারি কর্মীদের উপর চাপ সৃষ্টি করে এস আই আর প্রক্রিয়া আটকে দিতে চাইছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। কোচবিহারের ত্রৃণমূল কংগ্রেস চেয়ারম্যান গিরীন্দ্রনাথ বর্মনের বিএলওদের বেঁধে রাখার হুমকি প্রসঙ্গে তিনি এই অভিযোগ জানিয়েছেন।

শাসক দলের এই হুমকি ছাঁশিয়ারির পর সরকারি কর্মচারীরা কিভাবে এস আই আর সংক্রান্ত কাজ করবেন তা নিয়েও বিরোধী দলনেতা প্রশ্ন তুলেছেন। তবে, বিএলও-দের যে কোনোরকম হুমকি বা আক্রমণ করা হলে, তাঁর দল পাশে থাকবে বলেও শুভেন্দু আশ্বাস দেন।

(বাইট - শুভেন্দু অধিকারী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, তাঁর ও ভারতীয় জনতা পার্টির বিভিন্ন নেতা-মন্ত্রীর উপর একাধিক জায়গায় হামলা বা আক্রমণের ঘটনায় এবার কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছেন। মামলায় বিরোধী দলনেতা আর্জি

জানিয়েছেন, ভারতীয় জনতা পার্টির নেতা মন্ত্রীরা যেখানে যাবেন তার ২০০ মিটারের মধ্যে সাধারণ জনগণের প্রবেশের উপর নিষেধাজ্ঞা আরোপ করুক পুলিশ। কলকাতা হাইকোর্ট, এ ব্যাপারে রাজ্যের বক্তব্য জানতে চেয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রোজ ভ্যালি চিটফাণ্ডের আমানতকারীদের টাকা ফেরাতে আদালত গঠিত বিচারপতি দিলীপ শেঠ কমিটির বিরুদ্ধে আর্থিক অনিয়ন্ত্রে অভিযোগে ফরেনসিক অডিট করার দায়িত্ব সেবি(SEBI) নিতে না পারায় কলকাতা হাইকোর্ট, সি এ জি কে এই দায়িত্ব পালনের সক্ষম কিনা, তা ভেবে দেখতে বলেছে। দুই বিচারপতি রাজষ্ণী ভরদ্বাজ ও উদয় কুমারের ডিভিশন বেংগল, কম্পট্রলার ও অডিটর জেনেরেল - ক্যাগকে এই দায়িত্ব দেওয়ার ইচ্ছে প্রকাশ করেছেন। ক্যাগ এই কাজ করতে পারবে কি না, সে ব্যাপারে আগামী সপ্তাহে জানাতে হবে কেন্দ্রকে।

চিটফাণ্ডে	প্রতারিতদের	টাকা
ফেরাতে কলকাতা হাইকোর্ট, এয়াই(আর্টিফিশিয়াল ব্যাবহারের কথা ভাবছে। কিন্তু যাদের নিযুক্ত করা হবে তাদের খরচ কে বহন করবে সেই নিয়ে প্রশ্ন উঠেছে। রাজ্য - কেন্দ্র কোন পক্ষই এ ব্যাপারে দায়িত্ব নিতে চায়না বলে জানা গেছে। আদালত স্পষ্ট জানিয়েছে, আমানতকারীদের অর্থ থেকে সেই কাজ করা যাবেন। রাজ্য আগেই রাজি না হওয়ায় এবার কেন্দ্রকে সেই দায়িত্ব নিতে বলছে আদালত। যদিও সে ব্যাপারে এখনো কোন নির্দেশ দেয়নি আদালত।	ইনটেলিজেন্স)	প্রযুক্তির

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিল্পক্ষেত্রে সম্ভাবনা ও আগামীদিনে রাজ্য বিনিয়োগের সঙ্গে কর্মসংস্থানের সুযোগের কথা তুলে ধরতে রাজ্য সরকার, বিজনেস ইন্ড্রাস্ট্রি কনক্লেভ এর আয়োজন করতে চলেছে। রাজ্যস্তরের স্টেট লেভেল ইনভেস্টমেন্ট সিনার্জি কমিটির

চেয়ারম্যান মুখ্যসচিব মনোজ পন্থ এর পৌরহিত্যে নবান্নে গতকাল বিভিন্ন দণ্ডের
সচিবরা বৈঠকে বসেন।

পরে মুখ্যমন্ত্রীর প্রধান আর্থিক উপদেষ্টা অমিত মির্ঝ বলেন মুখ্যমন্ত্রী মমতা
ব্যানার্জি আগামী ১৮ ডিসেম্বর আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে প্রস্তাবিত এই
সম্মেলনের উদ্বোধন করবেন।

(বাইট - অমিত মির্ঝ)

এই শিল্প সম্মেলনে ক্ষুদ্র ও মাঝারি শিল্প সহ বিভিন্ন শিল্পের বিকাশ, রপ্তানি
ক্ষেত্রে ক্ষমতা বৃদ্ধি, রাজ্যের প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে সুবিধা, রাজস্ব আয় বৃদ্ধির
ক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপের সঙ্গে রাজ্যের অগ্রাধিকারপ্রাপ্ত এবং সম্ভাবনাময়
শিল্পগুলি নিয়ে আলোচনা হবে বলে তিনি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, কেন্দ্রীয় সরকারের "ওয়ান
নেশন ওয়ান সাবক্সিপশন" উদ্যোগের অন্তর্ভুক্ত "ইন্ডিয়া রিসার্চ টুর ২০২৫" শীর্ষক
বিশেষ প্রকল্পের মুখ্য উদ্দেশ্য ভারতবর্ষে গবেষণার ক্ষেত্রে অন্তর্ভুক্তি, সততা ও
উত্তোলনের প্রসার ঘটানো। তিনি গতকাল কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রক ও
ইন্ডিয়ান কাউন্সিল অফ সোশ্যাল সায়েন্স রিসার্চ (ICSSR)-এর যৌথ সহযোগীতায়
স্প্রিংগার নেচার সংস্থার উদ্যোগে আয়োজিত ওই বিশেষ প্রকল্পের তৃতীয় পর্বের
উদ্বোধন করে ভাষণ দিচ্ছিলেন।

প্রকল্পের তৃতীয় পর্বে দেশের উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যের বিশ্ববিদ্যালয় ও
উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে গবেষণার মান উন্নয়নের পাশাপাশি উচ্চশিক্ষা সংক্রান্ত
নানা বিষয়ে অগ্রগতির দিকেও বিশেষ নজর দেওয়া হবে বলে সুকান্ত বাবু উল্লেখ
করেন।

(বাইট - সুকান্ত)

এই উপলক্ষে তিনি কলকাতার ইন্ডিয়ান ইনসিটিউট অফ ম্যানেজমেন্ট প্রাঙ্গণে একটি অভিনব বাস যাত্রার সূচনা করেন।

প্রসঙ্গত, ইন্ডিয়া রিসার্চ ট্যুর প্রকল্পে দেশের নারীদের গবেষণামূলক কাজের ক্ষেত্রে সমান অধিকার প্রদান সহ গবেষণার কাজে স্বচ্ছতা বৃদ্ধি ও জ্ঞানলাভের ক্ষেত্রে সকলের সমান অধিকারের মতো বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় সুনিশ্চিত করার মাধ্যমে বিকশিত ভারতের লক্ষ্য পূরণ করা সম্ভব হবে বলে শ্রী মজুমদার আশা প্রকাশ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, ২০২৫-২৬ খরিফ মরসুমে সহায়ক মূল্যে রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কাছ থেকে ধান কেনার কাজ আজ শুরু করতে চলেছে। স্থায়ী ধান ক্রয় কেন্দ্র ছাড়াও বিভিন্ন কৃষি সমবায় সমিতি, কৃষি বিপনন সমিতি, স্বনির্ভর গোষ্ঠীর সংঘ, মহাসংঘ র মোট দুই হাজার ৯৮৮ টি সংগ্রহ কেন্দ্র থেকে কুইন্ট্যাল প্রতি দুই হাজার ৩৬৯ টাকা করে এই ধান কেনা হবে।

খাদ্য দণ্ডের জানিয়েছে, এর পাশাপাশি কৃষকরা সরাসরি স্থায়ী ধান ক্রয় কেন্দ্রে গিয়ে ধান বিক্রী করলে তাদের কুইন্ট্যাল প্রতি আরও কুড়ি টাকা করে অতিরিক্ত উৎসাহ মূল্য দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ-পশ্চিম বিহার এবং সংলগ্ন ঝাড়খণ্ডের উপর থাকা নিম্নচাপ এলাকাটি আরো দুর্বল হয়ে উত্তর, উত্তর পূর্বে এরাজ্যের হিমালয়ের পাদদেশ এলাকা সিকিম এবং অসমের দিকে অগ্রসর হওয়ার কথা। এর ফলে আজও উত্তরবঙ্গের জলপাইগুড়ি কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা। গত দুদিনের ভারী বৃষ্টিতে ইতোমধ্যেই বিপর্যস্ত উত্তরবঙ্গ।

এদিকে দক্ষিণবঙ্গেও আজ কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া এবং পূর্ব মেদিনীপুরে কোথাও কোথাও বজ্রবিদ্যুৎ ও দমকা হাওয়া সহ

হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অন্যদিকে, উত্তরবঙ্গে অবিরাম বৃষ্টিতে সেখানে জনজীবন ব্যাহত। দার্জিলিং জেলার দুধিয়া এলাকার বালাসন খোলার জলস্তর ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। এর জেরে সম্প্রতি চালু হওয়া বিকল্প হিউম পাইপ সেতু নিয়ে উদ্বেগ বাঢ়ে প্রশাসনের। বৃষ্টির তীব্রতা অব্যাহত থাকলে সেতুটি ক্ষতিগ্রস্ত হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা। সেতুর দু'প্রান্তে ট্রাফিক পুলিশের মোতায়েন করা হয়েছে। জোরদার করা হয়েছে নজরদারি। এই রুটে যান চলাচল স্বাভাবিকভাবে সীমিত রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা মেট্রোর গ্রিন লাইনে আজ থেকে শনিবারগুলিতে ২২৬ টির পরিবর্তে ১৮৬ টি পরিষেবা দেওয়া হবে। এর মধ্যে ৯৩ টি আপ ও ৯৩ টি ডাউন।

একই সঙ্গে সল্টলেক সেক্টর ফাইভ থেকে হাওড়া ময়দানের প্রথম পরিষেবা সকাল ৬ টা ৩৯ মিনিটের পরিবর্তে সকাল ৬ টা ৩২ মিনিটে শুরু হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, স্কুল - কলেজ পাড়ুয়া, অফিস এবং বিমান বন্দরগামী যাত্রীদের সুবিধার্থে মেট্রো রেলের ইয়েলো লাইনে পরিষেবা বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এখন থেকে সোম থেকে শুক্রবার পর্যন্ত মেট্রো পরিষেবা সকাল ৭ টা ৫৫ মিনিট থেকে রাত ৮ টা ১৭ মিনিট এর পরিবর্তে সকাল ৭ টা ১৮ মিনিট থেকে রাত সাড়ে ৯ টা পর্যন্ত করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের বালিগঞ্জ স্টেশন সীমানায় পয়েন্টের কাজের জন্য আজ (01.11.2025) রাত ১১ টা ১০ মিনিট থেকে আগামীকাল (দোসরা নভেম্বর) সকাল ৬ টা ১০ মিনিট পর্যন্ত মোট ৭ ঘণ্টা ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে আজ (01.11.2025) আপ ও ডাউন শিয়ালদা - বজবজ লোকাল, আপ ও ডাউন শিয়ালদা - লক্ষ্মীকান্তপুর লোকাল, বাতিল থাকবে। আগামীকাল শিয়ালদা দক্ষিণ শাখায় মোট ১২ টি ট্রেন বাতিল থাকবে। এছাড়া, ওই দুদিন বেশ কিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত করা হবে বলে রেল সূত্রের খবর।

এদিকে ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের শিয়ালদা দক্ষিণ শাখায় কাকদ্বীপ - নামখানা সেকশনে আজ (01/02.11.2025) রাত থেকে আগামী ১৮ নভেম্বর পর্যন্ত প্রতিদিন রাত সাড়ে ১২ টা থেকে পরের দিন ভোর সাড়ে চারটে পর্যন্ত ২৪০ মিনিট করে ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে তেসরা নভেম্বর থেকে ১৯ নভেম্বর পর্যন্ত 34914 লক্ষ্মীকান্তপুর - নামখানা লোকাল বাতিল থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইস্টবেঙ্গল, সুপার কাপ ফুটবলের সেমিফাইনালে পৌঁছেছে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে গত সন্ধ্যায় ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়ান্টের মধ্যে সুপার কাপের ডার্বি ম্যাচ গোল শূন্য ভাবে শেষ হয়। দুই দলই একাধিক গোলের সুযোগ তৈরি করলেও, তা কাজে লাগাতে ব্যর্থ হয়।

দুটি দলই ৩ ম্যাচে ৫ পয়েন্ট সংগ্রহ করে লিগ পর্ব শেষ করেছে। ইস্টবেঙ্গল গোল পার্থক্যে এগিয়ে থাকায় গ্রুপ এর শীর্ষে থেকে সেমিফাইনালে পৌঁছেছে। মোহনবাগান সুপার কাপ থেকে বিদায় নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা, সাব জুনিয়র জাতীয় ফুটবল প্রতিযোগিতার সেমিফাইনালে উঠছে। পাঞ্জাবের অমৃতসরে গতকাল গ্রুপ লিগের শেষ ম্যাচে বাংলা ৪-০ গোলে

উত্তরপ্রদেশকে পরাজিত করে। বাংলার পক্ষে সাম্রিক কুণ্ড, ভোলা
রাজোওয়ার, প্রিয়াংশু নক্র ও সোহেল লক্ষ্মি গোল করেছে।

এই জয়ের ফলে টানা তিন ম্যাচে জিতে গ্রুপ শীর্ষে থেকে সেমিফাইনালে
গেল বাংলা। মঙ্গলবার সেমিফাইনালে তারা মণিপুরের মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০